গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ই-সার্ভিস অপারেশন শাখা

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ বিষয়ক ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি	এন এম জিয়াউল আলম সিনিয়র সচিব
সভার তারিখ	১৬.০৬.২০২১ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০টা
স্থান	বৈঠক অনলাইন প্লাটফরম
উপস্থিতি	অনলাইনে উপস্থিতি

অনলাইন সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার প্রারম্ভে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য এ বিভাগের প্রোগ্রামার (ই-সার্ভিস অপারেশন শাখা)-কে অনুরোধ করা হয়। প্রোগ্রামার সভায় জানান যে, ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ বিষয়ক সভা আয়োজন আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের অন্তর্ভুক্ত করা হয়েছে এবং ত্রৈমাসিক ভিত্তিতে ১টি করে মোট ০৪টি সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে অদ্যকার এ সভা (৪র্থ সভা) আয়োজন করা হয়েছে।

০২। অতঃপর সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ হয়:

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নতুন অর্গানোগ্রাম অনুযায়ী শাখাভিত্তিক কর্মবণ্টন নিয়ে আলোচনা করা হয়। কর্মবণ্টন অনুযায়ী সেবাসমূহ নির্ধারণপূর্বক সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করা প্রয়োজন মর্মে সকলে অভিমত ব্যক্ত করেন।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নতুন অর্গানোগ্রাম অনুযায়ী পূর্ণাঙ্গ সিটিজেন চার্টার প্রস্তুত করতে হবে। প্রত্যেক শাখা প্রধান অনুমোদিত ফরম্যাট অনুযায়ী তাদের নিজ নিজ শাখা হতে প্রদত্ত সেবাসমূহ সিটিজেন চার্টারে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	শাখা/অধিশাখা প্রধান (সকল)
২.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগসহ এ বিভাগের আওতাধীন সকল সংস্থার সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদকরণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগসহ এ বিভাগের আওতাধীন সকল সংস্থার সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	দপ্তর/সংস্থা প্রধান (সকল)
৩.	সভাপতি বলেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিটেজেন চার্টার কিভাবে আরও তথ্যবহুল এবং নাগরিক বান্ধব করা যায় সে বিষয়ে কর্মকর্তাগণ গবেষণা করতে পারেন। গবেষণা কাজের যাবতীয় ব্যয় গবেষণা খাত হতে নির্বাহ করার বিষয়ে আলোচনা করা হয়।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিটেজেন চার্টার কিভাবে আরও তথ্যবহুল এবং নাগরিকবান্ধব করা যায় সে বিষয়ে কর্মকর্তাগণ একক/যৌথভাবে গবেষণা করতে পারেন। গবেষণার যাবতীয় ব্যয় গবেষণা খাত হতে নির্বাহ করা হবে।	সকল কর্মকর্তা, আইসিটি বিভাগ

৪.	সভায় এ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন মোবাইল গেমস এন্ড অ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় প্রশিক্ষণ গ্রহণকারী ০২ (দুই) জন সেবাগ্রহীতা জনাব সামিউল আলীম এবং জনাব সাইফুল ইসলাম ফোরকান উপস্থিত হয়ে তাঁদের অভিজ্ঞতা বর্ণনা করেন। তাঁরা জানান যে এ প্রকল্প হতে বেসিক ট্রেনিং গ্রহণ করে তাঁরা এখন ফ্রি-ল্যান্স গেম ডেভেলপার হিসেবে কাজ করছেন। তাঁরা প্রকল্প হতে প্রদত্ত সেবার বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করেন। এছাড়াও সভায় ই-ক্যাব এর প্রতিনিধি জনাব ফারহা মাহমুদা তৃণা, বিসিএস এর প্রতিনিধি জনাব হাসানুজ্জামান এবং বেসিস এর প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করেন। বিসিএস এর প্রতিনিধি বলেন যে, সফটওয়্যারের প্রশিক্ষণের পাশাপাশি হার্ডওয়্যার এবং ট্রাবলশুটিং এর প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। সভাপতি মহোদয় বলেন যে, এটা একটা গুরুত্বপূর্ণ বিষয় এবং আইসিটি বিভাগের যে সকল সংস্থা ও প্রকল্প হতে প্রশিক্ষণ প্রদান করা হয় সেখানে হার্ডওয়্যার ও ট্রাবলশুটিং এর ওপর কারিকুলাম তৈরি করে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে।	আইসিটি বিভাগের যে সকল সংস্থা ও প্রকল্প হতে প্রশিক্ষণ প্রদান করা হয় সেখানে সফটওয়্যারের পাশাপাশি হার্ডওয়্যার ও ট্রাবলশুটিং-এর ওপর কারিকুলাম তৈরি করে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে।	দপ্তর/সংস্থা প্রধান (সকল) এবং প্রকল্প পরিচালক (সকল)

০৩। অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এন এম জিয়াউল আলম
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০২৪.০৬.০০১.১৯.১৪৭

তারিখ: ৬ আষাঢ় ১৪২৮
২০ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর/সংস্থার প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
২) অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৩) যুগ্ম-সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪) প্রকল্প পরিচালক (সকল) , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৫) উপসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৬) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

৭) সভাপতি, বেসিস, BDBL Bhaban (Level 5 - West), 12 Kawran Bazar, Dhaka - 1215

৮) সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি, House # 33/B (Ground floor & 2nd floor), Road # 04, Dhanmondi R/A, Dhaka-1205

৯) সভাপতি, ই-ক্যাব, বাড়ি-২৯, (এম-এ), রোড-০৬, ধানমন্ডি, ঢাকা

১০) সভাপতি , বাক্কো, হাউজ-৯০, রোড-০৬, ব্লক-এফ বনানী, ঢাকা-১২১৩

১১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিস্টেম ডেভেলপমেন্ট এবং অপারেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১২) সিনিয়র সহকারী সচিব, প্রজেক্ট শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১৩) সিস্টেম এনালিস্ট, ই-সার্ভিস অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১৪) মেইনটেনেন্স ইঞ্জি./প্রোগ্রামার/সহ.মেইনটেনেন্স ইঞ্জি. (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।

১৫) সহকারী সচিব, মূল্যায়ন ও পর্যবেক্ষণ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১৬) সহকারী সচিব, স্ট্যান্ডার্ড এন্ড সিকিউরিটি শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১৭) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব ও অডিট শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১৮) প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল)

ইসরাত জাহান
উপসচিব